

# Times Today BD

রিফাত ইসলাম | ক্যাম্পাস | 11 May, 2025

সন্ত্রাসবিরোধী আইনে বাংলাদেশ আওয়ামী লীগের যাবতীয় কার্যক্রম নিষিদ্ধ হওয়ার খবরে আনন্দ মিছিল ও মিষ্টি বিতরণ করেছে রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (বেরোবি) শিক্ষার্থীরা।

শনিবার (১০ মে) রাত সাড়ে ১১টায় বিশ্ববিদ্যালয়ে প্রধান ফটকে এই আনন্দ মিছিল অনুষ্ঠিত হয়।

এসময় তারা 'একটা একটা লীগ ধর, ধইরা ধইরা জেলে ভর', 'এইমাত্র খবর এলো, আওয়ামী লীগ ব্যান হলো', 'হেই হেই রই রই, আওয়ামী লীগ তুই গেলি কই' ইত্যাদি স্লোগান দেন।

বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের রংপুর মহানগরের সদস্য সচিব ও বেরোবি শিক্ষার্থী রহমত আলী বলেন, গত ১৫ বছর আওয়ামী লীগ সরকার যে ফ্যাসিবাদ কায়েম করেছে, জুলাই আন্দোলনে হামলা, গুম, খুনের রাজত্ব করেছে সেখানে সারা বাংলাদেশের ছাত্রজনতার দাবি ছিল আওয়ামী লীগ কে নিষিদ্ধ করা। আজকে উপদেষ্টা পরিষদের দীর্ঘ আলাপের পর যে সিদ্ধান্ত হয়েছে আওয়ামী লীগকে নিষিদ্ধ, যা পুরা বাংলার মানুষকে উৎফুল্ল করেছে। সেই আনন্দ আর উৎফুল্ল রংপুর তথা বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে বিরাজ করছে। আপনারা দেখেছেন নিষিদ্ধের খবরের পর পুরো রংপুর জুড়ে খুশির আমেজ বইছে। সবাই মিষ্টি বিতরণ করছে।

রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী ছাত্র নেতা মো. ইয়ামিন বলেন, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় তুলে আন্দোলনের নিউক্লিয়াস। আপনারা জানেন এই বিশ্ববিদ্যালয়ের আবু সাঈদ ফ্যাসিস্টদের দোসরদের দ্বারা নিহত হয়েছে। শেখ হাসিনার নির্দেশে সারা বাংলাদেশের আওয়ামী লীগের সন্ত্রাসীরা গুম, খুন, হত্যা চালিয়েছে। শুধু জুলাই বিপ্লব না তার আগেও অসংখ্য মানুষকে গুম খুন করেছে। আজ আওয়ামী লীগের যে কবর রচনা হয়েছে তা আর ফিরে আসবে না। আমরা আসতে দিব না।

শিবির সাধারণ সম্পাদক সুমন সরকার বলেন, ইতিহাসে যারা স্বৈরাচার হয়েছে তারাই দেশ থেকে পালাতে বাধ্য হয়েছে। আগামীতে যারা সরকার গঠন করবে আমরা তাদের হুঁশিয়ারি করে দিতে চাই তারা যদি স্বৈরাচার হয় তাদের পরিণতিও আওয়ামী লীগের মতই হবে।

বাংলাদেশ আওয়ামী লীগ সন্ত্রাসবিরোধী আইন আনন্দ মিছিল

